


রোকেয়া দিবস উপলক্ষে  জেন্ডার এ্যাকশন প্ল্যানের আওতায় আয়োজিত আলোচনায় বক্তব্য রাখছেন মেয়র জনাব আব্দুল মান্নান খান

## রোকেয়া দিবস উপলক্ষে হাজীগঞ্জে র‌্যালী ও আলোচনাসভা অনুষ্ঠিত

নারীরা যেন তাঁদের সম্ভাবনার বিকাশ ঘটাতে পারে এবং পুরুষের উপর নির্ভরশীল না হয়ে সুন্দর জীবন যাপন ও নিজ স্বার্থ সংরক্ষণে আত্মনির্ভরশীল হয় সে ব্যাপারে আমাদের সবাইকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। নারী উন্নয়নের অগ্রপথিক মহীয়সী নারী বেগম রোকেয়ার জন্মদিবস উপলক্ষে হাজীগঞ্জ পৌরসভা আয়োজিত ইউজিআইআইপি-২ এর জেন্ডার এ্যাকশন প্ল্যানের ষান্মাসিক র‌্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে  পৌর মেয়র জনাব মোঃ আব্দুল মান্নান খান এ কথা বলেন।

রোকেয়া দিবস উপলক্ষে জেন্ডার এ্যাকশন প্ল্যানের ষান্মাসিক র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় গত ২৬ ডিসেম্বর ২০১৩।  হাজীগঞ্জ পৌর মেয়র জনাব আব্দুল মান্নান খান এর নেতৃত্বে স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গের অংশগ্রহণে র‌্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌর চত্বরে এসে শেষ হয়।

র‌্যালী শেষে পৌরসভায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেন্ডার কমিটির চেয়ারপার্সন, শাহান আরা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র আরও বলেন, পিছিয়ে পড়া অবহেলিত নারী সমাজকে এগিয়ে আনার জন্য হাজীগঞ্জ পৌরসভার চাহিদার বিবেচনা করে  ইউজিআইআইপি এর আওতায় জেন্ডার এ্যাক্শন প্ল্যান প্রণীত হয়েছে এবং বাস্তবায়িত হচ্ছে।  পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে টিএলসিসি, ডব্লিউ,এলসিসি সিবিও এবং পৌরসভার স্থায়ী কমিটিসহ বিভিন্ন কমিটিতে নারীদের অন্তর্ভূক্তি নিশ্চিত হয়েছে।

সভায় বেগম রোকেয়া দিবসের ভূমিকা ও তাৎপর্য, নারীর উন্নয়ন, জেন্ডার সমতা ও আদর্শ সমাজ, জেন্ডার, জেন্ডার সমতা, বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে নারী ও  নারীর উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপ, প্রকল্পের আওতায় জেন্ডার এ্যাকশান প্ল্যান, নারী নেতৃত্ব বিকাশ ও নারী উন্নয়নে এ পর্যন্ত প্রকল্পের অর্জন বিষয়ে অলোচনা হয়।

অন্যান্যদের মধ্যে শাহান আরা বেগম, চেয়ারপার্সন, জেন্ডার কমিটি,  জনাব আমিনুল ইসলাম, সচিব, জনাব কেশব চন্দ্র রায়, সদস্য সচিব, জেন্ডার কমিটিসহ বিশিষ্ট  ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।